

## আরণ্যক

আমাদের বিছানার একপাশে নদী  
অন্য পাশে গাছপালা গভীর অরণ্য  
মাঝখানে অবিরাম খরা, পোড়া হাদি  
হাত পাতে হাত পাতে সবুজের জন্য

সারারাত ক্ষয়াটে অবুরু একা চাঁদ  
ভেসে যায় মেঘ মেঘ নিখর আকাশে  
গভীর ধূসর মাথা মাটির প্রাসাদ  
সে মেঘে আটকে থাকে আলেয়ার পাশে

তবু কোন দূর থেকে ভেসে আসে গান  
গহন রাত্রির থেকে ঘুম খসে পড়ে  
আমাদের চিরায়ত আরণ্যক প্রাণ  
অনিকেত শ্রোত চায় সীমার ভিতরে

দীপশিখা পোদ্দার

